

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ আমরা পূর্বে যা বর্ণনা করলাম, যে বক্তি তা পালন করবে এবং সাথে সাথে জান্নাত ও জাহান্নামের স্বীকৃতি দান করবে ও 'ঈসা আলাইহিস সালামের প্রতি ঈমান আনোয়ন করবে, তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْجَنَّةَ إِنَّمَا تَجِبُ لِمَنْ أَتَى بِمَا وَصَفْنَا وَقَرَنَ ذَلِكَ بِالْإِقْرَارِ بِالْجَنَّةِ وَالنَّارِ وَآمَنَ بِعِيسَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

أَخْبَرنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ حَدَّثَنَا صَفْوَانُ بْنُ صَالِحٍ قَالَ حَدَّثَنِي عُبَادَةُ بْنُ الْبِي أَمَيَّةَ قَالَ: حَدَّثَنِي عُبَادَةُ بْنُ الصَّامِتِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "مَنْ شَهِدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ وَأَنَّ عِيسَى عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ وَكَلِمَتُهُ أَلْقَاهَا إِلَى لَا شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ وَأَنَّ عِيسَى عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ وَكَلِمَتُهُ أَلْقَاهَا إِلَى مَرْيَمَ وَرُوحٌ مِنْهُ وَأَنَّ الْجَنَّةِ وَالنَّارَ حَقُّ أَدْخَلَهُ اللَّهُ مِنْ أَيِّ أَبُوابِ الْجَنَّةِ الثَّمَانِيَةِ شَاء". مَرْيَمَ وَرُوحٌ مِنْهُ وَأَنَّ الْجَنَّةِ وَالنَّارَ حَقُّ أَدْخَلَهُ اللَّهُ مِنْ أَيِّ أَبُوابِ الْجَنَّةِ الثَّمَانِيَةِ شَاء". الراوي : عُبَادَةُ بْنُ الصَّامِتِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 207 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

২০৭. উবাদা বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি সাক্ষ্য দিবে যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা ও রাসূল, 'ঈসা আলাইহিস সালাম আল্লাহর বান্দা, রাসূল এবং তাঁর কালিমা; যা তিনি মারইয়াম আলাইহাস সালাম এর প্রতি প্রক্ষেপ করেছিলেন এবং তিনি তাঁর পক্ষ থেকে রহ, আরো সাক্ষ্য দিবে যে, জান্নাত ও জাহান্নাম সত্য তবে সে ব্যক্তি জান্নাতের আটটি দরজার যে কোন দরজা দিয়ে প্রবেশ করতে চাইবে, তাঁকে আল্লাহ সেই দরজা দিয়েই জান্নাতে প্রবেশ করাবেন।"[1]

## ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৫/৩১৪; সহীহ আল বুখারী: ৩৪৩৫; সহীহ মুসলিম: ২৮; আবু আওয়ানা: ১/৬; ইবনু মান্দাহ: ৪৫, ৪০৪; শারহুস সুন্নাহ: ৫৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জান্নাহ: ২/৪৩১-৪৩২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন